

৫১৯
(স্বামী রামাকৃষ্ণানন্দকে লিখিত)

ওঁ নমো ভগবতে রামকৃষ্ণায়

মঠ, বেলুড়
২৬ ডিসেম্বর, ১৯০০

কল্যাণবরেষু,

তোমার পত্রে সমস্ত অবগত হলাম। শরীর যদি খারাপ হয়, অবশ্য এখানে তোমার আসা উচিত নয় -- এবং আমি কল্যাণবর্তী যাচ্ছি। সেখানে আমার একবার যাওয়া অত্যন্ত আবশ্যিক।

আলাসিঙ্গা যদি আসে, আমার প্রত্যাগমন-অপেক্ষা তাকে করতে হবে। কানাই সম্বন্ধে এরা কি করছে -- তা জানি না। আমি আলমোড়া হতে শীঘ্রই ফিরব, তারপর মাদ্রাজ যাওয়া হাতে পারে। ওয়ানিয়ামবড়ি (Vaniyambadi) হতে এক পত্র পেয়েছি -- তাদের আমার আশীর্বাদ ও ভালবাসা জানিয়ে এক পত্র লিখো এবং আমি মাদ্রাজ আসবার সময় অবশ্য সে-স্থান হয়ে আসব, এ কথা জানিও। সকলকে আমার ভালবাসা জানাবে। তুমি অতিরিক্ত পরিশ্রম করবে না। আর আর সমস্ত মঙ্গল। ইতি

বিবেকানন্দ